



ইরানের উপর আরও শক্তিশালী হামলার নির্দেশ ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রীর



ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী: সংগৃহীত ছবি

ইরানের সরকারি অবকাঠামোগুলো লক্ষ্য করে আরও শক্তিশালী হামলা চালানোর নির্দেশ দিয়েছেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ। ইরানের হাসপাতাল সহ ক্ষেপণাস্ত্র আছে এমন জায়গাগুলোতে ব্যাপক হামলা জোরদার করেছে।

আজ শুক্রবার (২০ জুন) ইসরায়েলের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক বিবৃতিতে ইসরায়েল প্রতিরক্ষামন্ত্রী কাৎজ বলেন, আমরা ইরান সরকারের প্রতিটি প্রতীক, মিলিশিয়া ও বিপ্লবী গার্ডের মতো ব্যবস্থাগুলোর ওপর আরও শক্তিশালী আঘাত হানবো।

তার এই ঘোষণা থেকে স্পষ্ট বুঝা যায় ; ইসরায়েল তার যুদ্ধনীতিতে বড় ধরনের পরিবর্তন আনবে। ইসরায়েল গুরুত্বপূর্ণ দিনগুলোতে ইরানের পারমাণবিক স্থাপনা ও সামরিক বাহিনীর অফিস গুলোতে সীমিত হামলা চালানোর পরিকল্পনা করলেও, এখন স্পষ্টভাবে ইরানের ক্ষমতার ভিত্তি ‘সরকারি অবকাঠামোগুলোতে’ পরিকল্পনা করছে দখলদার দেশটি।

গতকাল বৃহস্পতিবার (১৯ জুন) আরেকটি সাক্ষাতকারে কাৎজ বলেছিলেন, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনেয়িকে হত্যা করাটাই এখন আমাদের মূল লক্ষ্য।

তবে ইরানও পাল্টা হুমকি দিয়েছেন। দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, ইসরায়েল যদি আক্রমণ চালিয়ে যায় তবে ইরান আরও জোরালো জবাব দেবে।

তিনি বলেন, সংঘাতের অবসানের একমাত্র উপায় হলো ইসরায়েলের বিমান হামলা বন্ধ করা। বর্তমান পরিস্থিতিতে, স্থায়ী শান্তি কেবল তখনই সম্ভব হবে যদি ইহুদিবাদী শত্রু তার শত্রুতা বন্ধ করে।

সূত্র : আল জাজিরা